# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৬১৬

পর্ব-১৭: দণ্ডবিধি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - মদ পানের দণ্ডবিধি

بَابُ حَدِّ الْخَمْرِ

আরবী

وَعَنِ السَّائِبِ بْنِ يَزِيدَ قَالَ: كَانَ يُؤْتَى بِالشَّارِبِ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَإِمْرَةِ أَبِي بَكْرٍ وَصَدْرًا مِنْ خِلَافَةِ عُمَرَ فَنَقُومُ عَلَيْهِ بِأَيْدِينَا وَنِعَالِنَا وَأَرْدِيَتِنَا حَتَّى كَانَ آخِرُ إِمْرَةِ عُمَرَ فَجَلَدَ أَرْبَعِينَ حَتَّى إِذَا عَتَوْا وَفَسَقُوا جَلَدَ ثَمَانِينَ. رَوَاهُ الْبُخَارِيّ

বাংলা

৩৬১৬-[৩] সায়িব ইবনু ইয়াযীদ হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে, আবূ বকর এবং ’উমার (রাঃ)-এর খিলাফাতের প্রারম্ভে মদ্যপায়ীকে আনা হত। তখন আমরা আমাদের হাত, জুতা এবং চাদর দ্বারা প্রহার করতাম। কিন্তু ’উমার -এর খিলাফাতের শেষ দিকে তিনি চল্লিশ চাবুক মারতেন। পরিশেষে তারা অতিমাত্রায় মদ্যপানের দরুন ব্যাপকভাবে পাপকার্যে জড়িয়ে পড়ল, তখন তিনি আশি চাবুক মারেন। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬৭৭৯, আহমাদ ১৫৭১৯, মুসতাদরাক লিল হাকিম ৮১২৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (حَتّٰى كَانَ اٰخِرُ إِمْرَةِ عُمَرَ فَجَلَدَ أَرْبَعِين) দৃশ্যত নির্ধারিত চল্লিশ বেত্রাঘাত সংঘটিত হয়েছিল। ‘উমার -এর শাসনামলে শেষের দিকে আর খালিদ বিন ওয়ালীদ-এর ঘটনা আশি বেত্রাঘাত। তা ছিল ‘উমার -এর শাসনামলের মাঝখানে। কেননা খালিদ বিন ওয়ালীদ ‘উমার -এর মাঝামাঝি শাসনামালে মারা গেছেন।

(وَفَسَقُوْا) তথা আনুগত্য থেকে বের হয়েছে আর নাসায়ী বর্ণনা فَلَمْ يَنْكُلُوا» তথা আহবানে সাড়া দেয়নি।

(جَلَدَ ثَمَانِينَ) অর্থাৎ আশি বেত্রাঘাত করলেন। ‘‘মুসনাদ ‘আব্দুর রাযযাক’’-এ সায়িব হতে সহীহ সানাদে বর্ণিত হাদীসে রয়েছে, ‘উমার প্রথমে চল্লিশ বেত্রাঘাত চালু করেন যখন তাদেরকে দেখলেন তারা বিরত হচ্ছে না তখন ষাট বেত্রাঘাত চালু করেন। এরপরেও যখন তারা বিরত হলো না তখন আশি বেত্রাঘাত চালু করেন এবং বলেন, এটা সর্বনিম্ন হাদ্দ। (ফাতহুল বারী ১২শ খন্ড, হাঃ ৬৭৭৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সায়িব ইবনু ইয়াযীদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68943

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন